

ক্যাম্পাস

আবরার ফাহাদকে সুরণে ঢাবিতে শিবিরের ঐক্যচিহ্নের ক্যানভাস



প্রতিবেদক: ঢাবি প্রতিনিধি

প্রকাশের তারিখ: বুধবার, ০৭ অক্টোবর ২০২৬, ০৯:২৭ PM



ঢাকা বিশ্ববিদ্যালয়ে শহিদ আবরার ফাহাদের শাহাদাতবার্ষিকী ও নিপীড়নবিরোধী দিবস উপলক্ষে ঐক্যচিহ্নের ক্যানভাস: নির্যাতনের ক্যাম্পাস শীর্ষক চিত্রপ্রদর্শনী ও আলোচনা সভা করেছে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির। অনুষ্ঠানে বক্তারা বিগত সরকারের ছাত্রসংগঠনের সমালোচনা করার পাশাপাশি ক্যাম্পাসে নতুন করে কেউ আধিপত্যবাদ ও নির্যাতনের চেষ্টা করলে তা রুখে দেয়ার কড়া হুঁশিয়ারি দিয়েছেন।

বুধবার সকাল ৯টা থেকে বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে দিনব্যাপী এই কর্মসূচির আয়োজন করে ঢাবি শাখা ছাত্রশিবির। ঢাবি শিবিরের সভাপতি ও ডাকসুর এজিএস মহিউদ্দিন খানের সভাপতিত্বে এবং সেক্রেটারি কাজী আশিকের সঞ্চালনায় এতে প্রধান অতিথি ছিলেন সংগঠনটির কেন্দ্রীয় সভাপতি নুরুল ইসলাম সাদ্দাম।

প্রধান অতিথির বক্তব্যে নুরুল ইসলাম সাদ্দাম বলেন, বিগত ১৭ বছরে ছাত্রলীগ ক্যাম্পাসগুলোকে জাহান্নাম বানিয়ে রেখেছিল। তবে দুঃখজনকভাবে বর্তমান সরকার ও তাদের ছাত্রসংগঠনও যেন সেই ফ্যাসিবাদের প্রতিচ্ছবিতে পরিণত হয়েছে। বুয়েটে নির্যাতনের শিকার ছাত্রশিবিরের সাবেক কেন্দ্রীয় সভাপতি সিরাজুল ইসলাম বলেন, আবরার ফাহাদের আত্মত্যাগের স্মৃতিস্ফূর্তি পাঁচ বছর পর স্বৈরাচারের পতন

ঘটিয়েছে। ক্ষমতাসীনদের বুঝতে হবে, সমালোচনা মানেই শত্রুতা নয়।

অনুষ্ঠানে ডাকসুর ভিপি ও ঢাবি শিবিরের সাবেক সভাপতি আবু সাদিক কায়ুম বলেন, আবরার ফাহাদ, শহিদ জিয়াউর রহমান এবং জুলাই অভ্যুত্থানের শহিদরা একই সূত্রে আধিপত্যবাদের বিরুদ্ধে লড়াই করেছেন। নতুন বাংলাদেশে আমাদের মিত্র ও শত্রু চিনতে হবে।

অন্যদিকে, ডাকসুর জিএস এস এম ফরহাদ অভিযোগ করেন, ক্যাম্পাসে গেস্টরুম ও গণরুমের মাধ্যমে নির্যাতনের সংস্কৃতি ছাত্রলীগ নয়, বরং ছাত্রদলই শুরু করেছিল। বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে আবারও এর পুনরাবৃত্তির আলামত দেখা যাচ্ছে।

সভাপতির বক্তব্যে মহিউদ্দিন খান কঠোর হুঁশিয়ারি দিয়ে বলেন, যারা নতুন করে ক্যাম্পাসে শিক্ষার্থী নির্যাতনের পরিকল্পনা করছে, তাদেরকেও ছাত্রলীগের মতো পরিণতি বরণ করতে হবে। এ সময় শিক্ষাঙ্গণে সব ধরনের নিপীড়ন রুখে দিয়ে শিক্ষার্থীদের জন্য একটি নিরাপদ, স্বাধীন ও মর্যাদাপূর্ণ ক্যাম্পাস গড়তে সব ছাত্রসংগঠনকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তিনি।

এ বিভাগের আরও খবর



প্রধানমন্ত্রী স্বর্ণপদক পাচ্ছেন জবির ১৬ শিক্ষার্থী
জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ১৬ শিক্ষার্থী প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৯, ২০২০ ও ২০২১-এর জন্য মনোনীত হয়েছেন। সোমবার (৫ অক্টোবর) বিশ্ববিদ্যালয়...



পদোন্নতি-আপগ্রেডেশনের দাবিতে বেরোবির তৃতীয় শ্রেণির কর্মচারীদের অবস্থান কর্মসূচি
দীর্ঘদিন ধরে পদোন্নতি ও আপগ্রেডেশন না পাওয়ার অভিযোগে অবস্থান কর্মসূচি শুরু করেছেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) তৃতীয় শ্রেণির কর্মচার...



চাঁদাবাজির অভিযোগে ছাত্রদল সদস্য সচিবের সাফাই, অর্থ লেনদেনের কথা স্বীকার অভিযুক্ত কর্মীর রাজধানীর সদরঘাটে প্রিন্স আওলাদ লঞ্জে কর্মীদের সঙ্গে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ছাত্রদলের কয়েকজন কর্মীর বিরোধের পর ৪০ হাজার টাকা চাঁদা দাবি...



প্রিন্স আওলাদ লঞ্জে জবি ছাত্রদল কর্মীদের ৪০ হাজার টাকা দাবি, ২০ হাজারে মীমাংসা রাজধানীর সদরঘাটে প্রিন্স আওলাদ লঞ্জে প্রবেশকে কেন্দ্র করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থী ও লঙ্গকর্মীদের মধ্যে বাণবিত্তা ও হাত...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/campus/abrar-fahadke-smrne-dhabite-shibirer-kshtchihner-kjanbhas>